

বিষয়: ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা পর্যালোচনা সংক্রান্ত ইনোভেশন কমিটি'র সভার কার্যবিবরণী।

| | |
|------------|--|
| সভাপতি | জনাব কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, পরিচালক (অর্থ), বিপিসি। |
| সভার তারিখ | ৩১/০৮/২০২১ |
| সভার সময় | ১২.০০ ঘটিকা |
| স্থান | প্রধান কার্যালয়ের বোর্ড রুম |
| উপস্থিতি | ইনোভেশন কমিটি'র সদস্যবৃন্দ (উপস্থিতির তালিকা সংযুক্ত) |

সভাপতি কমিটি'র উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্যবৃন্দ সদ্যসমাপ্ত ২০২০-২১ অর্থবছরে বিপিসি'তে গৃহীত উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা পর্যালোচনা করেন। বিপিসি'র সচিব ও কমিটি'র সদস্য সভাকে অবহিত করেন যে, সদ্যসমাপ্ত ২০২০-২১ অর্থবছরে অতিমারী কোভিড-১৯ জনিত সরকার প্রদেয় বিভিন্ন লকডাউন এবং বিধিনিষেধের মধ্যে সীমিত পরিসরে দাপ্তরিক কার্যক্রম সম্পাদিত হওয়ায় পূর্ণাঙ্গভাবে সার্বিক লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি। সভাপতি বলেন কোভিড-১৯ অতিমারীতে উদ্ভূত পরিবর্তিত পরিস্থিতিতে উদ্ভাবনী ধারণা এবং ডিজিটাইজকৃত সেবার মাধ্যমে বিপিসি'র সার্বিক কার্যক্রম আরও প্রতিশীল করার মাধ্যমে ২০২১-২২ অর্থবছরে বিপিসি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতাধীন ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর লক্ষ্যমাত্রা অর্জনের নিশ্চিত করতে হবে।


২। কমিটির সদস্য-সচিব সভাপতির অনুমতিক্রমে ২০২১-২২ অর্থবছরের আলোচ্যসূচী এবং গৃহীতব্য কার্যক্রম হুলে ধরেন। ২০২১-২২ অর্থবছরে বিপিসি'র বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার নিম্নবর্ণিত ০৮(আট)টি কার্যক্রম বকলের মতামতের জন্য সভায় উপস্থাপন করা হয়:

- ১) ১.১.১: একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন;
- ২) ১.২.১: একটি সেবা সহজিকরণ;
- ৩) ১.৩.১: ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকরণ;
- ৪) ১.৪.১: ইতোপূর্বে (২০২০-২১ অর্থবছর) বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা;
- ৫) ১.৬.১: ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা;
- ৬) ২.২.১: ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ (১ম);
- ৭) ২.২.২: ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়; এবং
- ৮) ২.২.৫: ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন।

৩৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:


| ক্রম | বিবরণ | সিদ্ধান্ত বাস্তবায়নকারী |
|------|---|---|
| ৩.১ | আগামী ২৩ সেপ্টেম্বর, ২০২১ তারিখে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম সভা আয়োজন করতে হবে। | সদস্য-সচিব |
| ৩.২ | সেবা সহজিকরণ ও উদ্ভাবনী আইডিয়া সংগ্রহের জন্য প্রতিটি শাখায় পত্র প্রেরণ করতে হবে। | সদস্য-সচিব |
| ৩.৩ | কার্যক্রম ১.২.১, আগামী ২৫ ফেব্রুয়ারি, ২০২২ তারিখের মধ্যে একটি সেবা সহজিকরণ করতে হবে। | ব্যবস্থাপক (এমআইএস) |
| ৩.৪ | কার্যক্রম ১.১.১, আগামী ৬ মার্চ, ২০২২ এর মধ্যে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। | কমিটি |
| ৩.৫ | কার্যক্রম ২.২.১ আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রথম প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | প্রধান কোর্স সমন্বয়ক, বিপিসিটিসি |
| ৩.৬ | কার্যক্রম ২.২.৫, আগামী ৩০ মে, ২০২২ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নে দেশে-বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ কার্যক্রম পরিদর্শন করতে হবে। | কমিটি |
| ৩.৭ | কার্যক্রম ১.৩.১, আগামী ৩০ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে ন্যূনতম একটি সেবা ডিজিটালাইজেশনের অংশ হিসেবে বিপিসি'র স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন করতে হবে। | সদস্য-সচিব ও ব্যবস্থাপক (এমআইএস) তদারকি করবেন |
| ৩.৮ | কার্যক্রম ১.৬.১, আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২১ তারিখের মধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সংক্রান্ত প্রথম কর্মশালার আয়োজন করতে হবে। | প্রধান কোর্স সমন্বয়ক, বিপিসিটিসি |
| ৩.৯ | কার্যক্রম ২.২.২, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের উদ্ভাবনী কোডের (৩২৫৭১০৫) বরাদ্দকৃত অর্থ ৮০% ব্যয় করতে হবে। | কমিটি |
| ৩.১০ | ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত শতভাগ অর্জন/বাস্তবায়ন করতে হবে। | কমিটি |
| ৩.১১ | ইনোভেশন কমিটি পুনঃবিনস্ত করতে হবে। | সদস্য-সচিব |

৩৪। সভার আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (কাজী মুহাম্মদ মোজাম্মেল হক)
 পরিচালক (অর্থ), বিপিসি ও
 আহ্বায়ক সংশ্লিষ্ট কমিটি

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) উর্ধ্বতন মহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক (নিরীক্ষা/হিসাব/পরি: ও উন্ন), বিপিসি।
- ২) ব্যবস্থাপক (এমআইএস), বিপিসি (কমিটির গৃহীত সিদ্ধান্ত নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়নের অনুরোধসহ)
- ৩) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।
- ৪) প্রধান কোর্স সমন্বয়ক, বিপিসিটিসি (কমিটির গৃহীত সিদ্ধান্ত নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়নের অনুরোধসহ)
- ৩) অফিস কপি/মাস্টার ফাইল।



(কে, এম, রিয়াজ রহমান)
উপ-ব্যবস্থাপক (প্রশাসন) ও
সদস্য-সচিব সংশ্লিষ্ট কমিটি